15

দৈনিক বাংলা

তারিখ 22 JUN 1996
পৃষ্ঠা ৪ কলাম ৫

# কারিগরি শিক্ষার বিস্তার ঘটাতে হবে ঃ শামসুল

শিক্ষা, যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা অধ্যাপক মোঃ শামসুল হক শুক্রবার কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম থানাধীন কনকাপৈত গ্রামে আলহাজ্ব নূর মিয়া কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। খবর তথ্য বিবরণীর।

প্রায় তিন একর জমির ওপর কলেজটি প্রতিষ্ঠা করা হবে। কলেজের প্রশাসনিক মূল ভবনটি সম্পূর্ণ বেসরকারী উদ্যোগে প্রায় ত্রিশ লাখ টাকা ব্যয়ে নির্মাণের কাজ শুরু হয়েছে। কলেজটি প্রতিষ্ঠার ফলে স্থানীয় ছাত্রছাত্রীদের লেখাপড়ার ক্ষেত্র আরও সুপ্রশস্ত হবে।

শিক্ষা উপদেষ্টা বলেন, দেশে জনসংখ্যার তুলনায় শিক্ষার হার আশানুরূপ নয়। তিনি বলেন, সমাজসেবী বিত্তবান ব্যক্তিবর্গের উদ্যোগে দেশের প্রত্যন্ত অঞ্চলে এধরনের শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হলে দেশে শিক্ষার সুযোগ আরও বৃদ্ধি পাবে।

অধ্যাপক শামসুল হক বলেন, দক্ষ জনশক্তি গড়ে তুলতে সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি শিক্ষার বিস্তারে অধিকতর মনোযোগী হতে হবে।

ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে কলেজের প্রতিষ্ঠাতা মোঃ মোস্তফা কামালের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বিশিষ্ট শিল্পপতি ও সাংবাদিক মুহাম্মদ জাকারিয়া ও কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এম আনোয়ারুল আজিম সিদ্দিকী বক্তৃতা করেন।

পরে, শিক্ষা উপদেষ্টা কুমিল্লা শহর সংলগ্ন কুমিল্লা বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। প্রায় ছয় একর জমির ওপর কুমিল্লা বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। চলতি শিক্ষা বর্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়ে ব্যবসায় প্রশাসন ও কম্পিউটার বিজ্ঞানে সম্মান শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।